

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

সার্কুলার পত্র নং -এফইপিডি(এলডিএ)১৪৪/২০১৫/১৪

১৮ শ্রাবণ, ১৪২২
তারিখ : -----
২ আগস্ট, ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক
এবং লাইসেন্সধারী মানিচেঞ্জার ।

প্রিয় মহোদয়গণ,

মানিচেঞ্জার প্রতিষ্ঠান কর্তৃক হজ্জযাত্রীদের নগদ বহনের জন্য
ছাড়যোগ্য বৈদেশিক মুদ্রা বিক্রয় প্রসঙ্গে ।

মানিচেঞ্জার প্রতিষ্ঠান কর্তৃক হজ্জযাত্রীদের নগদ বহনের জন্য ছাড়যোগ্য বৈদেশিক মুদ্রা বিক্রয় সংক্রান্ত ১১ অক্টোবর, ২০০৯ তারিখের সার্কুলার পত্র নং - এফইপিডি (এলডিএ) ১৪৪/১৪৩৯/২০০৯ এর নির্দেশাবলী সংশোধনক্রমে জানানো যাচ্ছে যে, মানিচেঞ্জিং প্রতিষ্ঠান কর্তৃক সরকারী ও বেসরকারী হজ্জযাত্রীগণের নিকট ধর্ম মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হজ্জ নীতি মালা অনুযায়ী ১৪৩৬ হিজরি সনের জন্য জন প্রতি নগদ বৈদেশিক মুদ্রা বহনের নির্ধারিত পরিমাণ সর্বোচ্চ মার্কিন ডলার ১০০০.০০ (এক হাজার) বা সমতুল্য অন্য বৈদেশিক মুদ্রা নগদে ছাড় করা যাবে । এক্ষত্রে সরকারী ও বেসরকারী হজ্জ যাত্রীগণের নিকট বৈদেশিক মুদ্রা ছাড়করণের অনুসরণীয় নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলো :

০১ । Confirmed return air ticket ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক এই বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে । টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২ (দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না;

০২ । হজ্জযাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টের অনুরূপ স্বাক্ষর / টিপসই সম্বলিত আবেদনপত্রের বিপরীতে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জযাত্রীদের নিকট হস্তান্তরের বিষয়টি বিক্রেতা মানিচেঞ্জার প্রতিষ্ঠানকে নিশ্চিত করতে হবে । এই আবেদনপত্রগুলোর ফটোকপি মানিচেঞ্জারের মাসিক বিক্রয় বিবরণীর সঙ্গে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে ।

উপরোক্ত নির্দেশনা সকল লাইসেন্সধারী মানিচেঞ্জারগণের অনুসরণীয় হবে ।

(জগন্নাথ চন্দ্র ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২-২১১৭৬